

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১৫, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

কোস্ট গার্ড অধিদপ্তর

প্রজ্ঞাপন

তারিখ, ২৩ মাঘ ১৪১২/৫ ফেব্রুয়ারি ২০০৬

এস, আর, ও নং ১৫-আইন/০৬—কোস্ট গার্ড আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ২৬নং আইন) এর ১৪ এ প্রদত্ত ক্ষমতাবলে কোস্ট গার্ড অধিদপ্তরের মহাপরিচালক, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশ কোস্ট গার্ড (পোষাক ও মনোগ্রাম) প্রবিধানমালা, ১৯৯৮ নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা ঃ—

উপরি-উক্ত প্রবিধানমালার পরিশিষ্ট-ক এর —

(ক) “কর্মকালীন (Working) পোষাক” শিরোনামাধীন অনুচ্ছেদ ৩ এর পর নিম্নরূপ নূতন অনুচ্ছেদ ৩ক সন্নিবেশিত হইবে, যথা ঃ—

“৩ক। জর্জেট প্যাচ।—কোস্ট গার্ডে কর্মরত ক্যাপ্টেন, কমোডর এবং রিয়ার এডমিরাল পদবীর কর্মকর্তাগণ স্ব স্ব পদবীর জন্য মহাপরিচালক কর্তৃক নির্ধারিত ডিজাইন অনুযায়ী শার্টের দুই কলারে ত্রিকোণা সম্মুখবিশিষ্ট ৬.৫ সেঃ মিঃ দৈর্ঘ্য \times ৩.০ সেঃ মিঃ প্রস্থ দুইটি জর্জেট প্যাচ পরিধান করিবেন এবং উক্ত জর্জেট প্যাচে নেভী ব্লু রঙের জমিনের উপর জরির কাজ থাকিবে।”

(৫৮৯)

মূল্যঃ টাকা ২.০০

(খ) “আনুষ্ঠানিক (Ceremonial) পোষাক” শিরোনামাধীন অনুচ্ছেদ ১ এর পর নিম্নরূপ নতুন অনুচ্ছেদ ১ক সন্নিবেশিত হইবে, যথাঃ—

“১ক। জর্জেট প্যাচ।—কোস্ট গার্ডে কর্মরত ক্যাপ্টেন, কমডোর এবং রিয়ার এডমিরাল পদবীর কর্মকর্তাগণ স্ব স্ব পদবীর জন্য মহাপরিচালক কর্তৃক নির্ধারিত ডিজাইন অনুযায়ী বুশ কোর্ট এর দুই কলারে ত্রিকোণা সম্মুখবিশিষ্ট ৮.৫ সেঃ মিঃ দৈর্ঘ্য × ২.৮ সেঃ মিঃ প্রস্থ দুইটি জর্জেট প্যাচ পরিধান করিবেন এবং উক্ত জর্জেট প্যাচে নেতী ব্লু রঙের জমিনের উপর জরিব কাজ থাকিবে।”

স্বাক্ষরিত
মহাপরিচালক
১৫ ফেব্রুয়ারি ২০০৩

রাষ্ট্রপতির আদেশক্রমে
এস জে নিজাম
কমডোর বিএন
মহাপরিচালক।

সংস্করণ নং ১৫০৩/১৫ ফেব্রুয়ারি ২০০৩

সংস্করণ নং ১৫০৩/১৫ ফেব্রুয়ারি ২০০৩

সংস্করণ নং ১৫০৩/১৫ ফেব্রুয়ারি ২০০৩

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।